

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩০৩২

كاب المناسك (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৯/৬৫. জামরাতুল আকাবায় কংকর নিক্ষেপের পর তথায় অবস্থান করবে না

بَابِ إِذَا رَمَى جَمْرَةَ الْعَقَبَةِ لَمْ يَقِفْ عِنْدَهَا

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا طَلْحَةُ بْنُ يَحْيَى، عَنْ يُونُسَ بْنِ يَزِيدَ، عَنِ الزُّهْرِيِّ، عَنِ سَالِمٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّهُ رَمَى جَمْرَةَ الْعَقَبَةِ وَلَمْ يَقِفْ عِنْدَهَا وَذَكَرَ أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - فَعَلَ مِثْلَ ذَلِكَ .

বাংলা

১/৩০৩২। ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি জামরাতুল আকাবায় কংকর নিক্ষেপ করার পর সেখানে আর অবস্থান করেননি। তিনি আরও উল্লেখ করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও এরূপ করেন।

English

It was narrated that Ibn 'Umar stoned 'Aqabah Pillar, but he did not stay there, and he mentioned that the Prophet (ﷺ) had done likewise.

ফুটনোট

সহীহুল বুখারী ১৭৫১, ১৭৫৩, নাসায়ী ৩০৮৩, আহমাদ ৬৩৬৮, দারেমী ১৯০৩, সহীহাহ ২০৭৩, সহীহ আবু দাউদ ১৭২২।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী তালহাহ বিন ইয়াহইয়া সম্পর্কে আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। ইয়াহইয়া বিন সাঈদ আল-কাত্তান বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। উসমান বিন আবু শায়বাহ বলেন, তিনি সিকাহ। তাহরীরু তাকরীবৃত তাহযীব এর লেখক বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৯৮৫, ১৩/৪৪৪ নং পৃষ্ঠা)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন